

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ই-সার্ভিস ইমপ্লিমেন্টেশন শাখা
www.ictd.gov.bd

৪ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৫৮.০৬.০০১.২২.১৩০

বিষয়: স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে গঠিত উপ-কমিটির কর্মপরিকল্পনা প্রণয়নের কৌশল নির্ধারণ এবং অধিক্ষেত্র বাছাই বিষয়ক কর্মশালা আয়োজন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ০৩ আগস্ট ২০২৩ তারিখ প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্মার্ট বাংলাদেশ টাঙ্কফোর্স এর ১ম সভা অনুষ্ঠিত হয়। সভায় স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের বিভিন্ন অধিক্ষেত্রে স্মার্ট বাংলাদেশ টাঙ্কফোর্সের অধীনে ১৫(পনের)টি উপ-কমিটি গঠন করা হয়। গঠিত উপ-কমিটিসমূহের কর্মপরিকল্পনা প্রণয়নে করণীয় নির্ধারণের লক্ষ্যে প্রতিটি উপ-কমিটির সদস্য-সচিব ও সংশ্লিষ্টদের নিয়ে গত ২৯/১০/২০২৩ খ্রি. তারিখে এ বিভাগে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রাপ্ত মতামত/পরামর্শ অনুযায়ী প্রতিটি উপ-কমিটির সদস্যবৃন্দ এবং সংশ্লিষ্টদের সমন্বয়ে পৃথকভাবে ০৩ দিন ব্যাপী কর্মশালা আয়োজনের জন্য আইসিটি বিভাগ হতে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্মার্ট বাংলাদেশ টাঙ্কফোর্সের গঠিত ১৫(পনের)টি উপ-কমিটিসমূহের কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে ০৩ দিন ব্যাপী কর্মশালা আয়োজনে যাবতীয় ব্যয় নির্বাহসহ সার্বিক সহায়তা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্রম (১)	উপ-কমিটি (২)	উপ-কমিটির সদস্য (৩)	ব্যয় নির্বাহকারী প্রকল্প (৪)	বাস্তবায়নে (৫)
১।	স্মার্ট কৃষি, জলবায়ু পরিবর্তন, ক্লিন এনার্জি, পরিবেশ এবং দুর্যোগ ব্যবস্থাপনা;	২৭	এটুআই প্রোগ্রাম	আইসিটি বিভাগ ও এটুআই প্রোগ্রাম
২।	স্মার্ট শিক্ষা, স্বাস্থ্য, দক্ষতা এবং কর্মসংস্থান;	৩৭	এটুআই প্রোগ্রাম	আইসিটি বিভাগ, এটুআই প্রোগ্রাম ও DEIED প্রকল্প
৩।	স্মার্ট পরিবহন;	১৯	এটুআই প্রোগ্রাম	আইসিটি বিভাগ ও এটুআই প্রোগ্রাম
৪।	স্মার্ট কর এবং রাজস্ব আদায়;	১৫	EDGE প্রকল্প	আইসিটি বিভাগ ও EDGE প্রকল্প
৫।	স্মার্ট আর্থিক অন্তর্ভুক্তি, ক্যাশলেস সমাজ, বাণিজ্য, বিনিয়োগ, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা এবং ব্যবসা-বান্ধব পরিবেশ;	১২	EDGE প্রকল্প	আইসিটি বিভাগ, এটুআই প্রোগ্রাম ও EDGE প্রকল্প
৬।	স্মার্ট ভূমি ব্যবস্থাপনা;	১৩	এটুআই প্রোগ্রাম	আইসিটি বিভাগ ও এটুআই প্রোগ্রাম
৭।	স্মার্ট জুডিশিয়ারি;	০৮	এটুআই প্রোগ্রাম	আইসিটি বিভাগ ও এটুআই প্রোগ্রাম
৮।	স্মার্ট সংসদ;	১২	এটুআই প্রোগ্রাম	আইসিটি বিভাগ ও এটুআই প্রোগ্রাম
৯।	স্মার্ট সিভিল সার্ভিস ও স্মার্ট স্থানীয় সরকার;	৩১	এটুআই প্রোগ্রাম	আইসিটি বিভাগ, এটুআই প্রোগ্রাম ও EDGE প্রকল্প

১০।	জিরো ডিজিটাল ডিভাইড এবং সার্বজনীন সংযোগ;	১৪	EDC প্রকল্প	আইসিটি বিভাগ, এটুআই প্রোগ্রাম ও EDC প্রকল্প
১১।	আইসিটি ইন্ডাস্ট্রি, ডিজিটাল কমার্স, ফ্রিল্যান্সিং, অন্তর্প্রেরনারশিপ ও স্টার্ট-আপ;	২৫	EDGE প্রকল্প	আইসিটি বিভাগ ও EDGE প্রকল্প
১২।	বিজ্ঞান, প্রযুক্তি ও উদ্ভাবন এবং মহাকাশ ও জিও-স্পেশিয়াল প্রযুক্তি;	১১	এটুআই প্রোগ্রাম	আইসিটি বিভাগ ও এটুআই প্রোগ্রাম
১৩।	স্মার্ট কূটনীতি ও বৈদেশিক কর্মসংস্থান এবং আন্তর্জাতিক উদ্ভাবনী সহযোগিতা;	১৫	DEIED প্রকল্প	আইসিটি বিভাগ, এটুআই প্রোগ্রাম ও DEIED প্রকল্প
১৪।	ইনোভেটিভ সার্ভিস ডেলিভারি, তথ্য-উপাত্ত ভিত্তিক গভর্নেন্স এবং সাশ্রয়ী ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার।	২৪	EDGE প্রকল্প	আইসিটি বিভাগ, এটুআই প্রোগ্রাম ও EDGE প্রকল্প
১৫।	স্মার্ট জননিরাপত্তা, সাইবার নিরাপত্তা এবং নিরাপদ ক্লাউড;	১৫	BGD E-Gov CIRT	আইসিটি বিভাগ ও BGD E-Gov CIRT

কর্মশালা আয়োজনে করণীয় বিষয়সমূহ:

- (ক) আইসিটি বিভাগের সাথে পরামর্শ/যোগাযোগ করে কর্মশালার ভেন্যু ও তারিখ নির্ধারণ করতে হবে।
- (খ) আইসিটি বিভাগ হতে উপ-কমিটির সদস্য ও সংশ্লিষ্টদের অংশগ্রহণ নিশ্চিত করে কর্মশালার নোটিশ জারী করা হবে।
- (গ) প্রতিটি কর্মশালা আয়োজনের ক্ষেত্রে উপ-কমিটিসমূহের সভাপতি হিসেবে দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে আইসিটি বিভাগ হতে যোগাযোগ করা হবে।
- (ঘ) কর্মশালায় অংশগ্রহণকারী সংখ্যা কম/বেশী হতে পারে। সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালকের সাথে পরামর্শ করে অংশগ্রহণকারীর সংখ্যা নির্ধারণ করা হবে।



১৯-১১-২০২৩

ড. মুহম্মদ মেহেদী হাসান

যুগ্মসচিব

০২৪১০২৪০৪২

mehedi@ictd.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), প্রকল্প পরিচালকের দপ্তর, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম;
- ২। প্রকল্প পরিচালক, Enhancing Digital Government & Economy (EDGE) শীর্ষক প্রকল্প;
- ৩। প্রকল্প পরিচালক, ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প;
- ৪। প্রকল্প পরিচালক, ডিজিটাল উদ্যোক্তা এবং উদ্ভাবন ইকো-সিস্টেম উন্নয়ন (DEIED)) প্রকল্প এবং
- ৫। প্রকল্প পরিচালক, BGD e-GOV CIRT এর সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রকল্প।

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৫৮.০৬.০০১.২২.১৩০/১ (৫)

৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নির্বাহী পরিচালক (গ্রেড-১), নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল;
- ২। ব্যবস্থাপনা পরিচালক (গ্রেড-১), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ;
- ৩। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ৪। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।



সকল সংযুক্তিসমূহ:

- (১) স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স-এর ১ম সভার কার্যবিবরণী..

১৯-১১-২০২৩

মোঃ নবীর উদ্দীন

সিনিয়র সিস্টেম এনালিস্ট